

৩৭০৬/২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার  
(ব্যবসা ও বাণিজ্য শাখা)  
www.moulvibazar.gov.bd



AP  
শ্রীমতী মাসনোভ  
কমল  
০০ ০৮ ২০২০

স্মারক নম্বর- ০৫.৪৬.৫৮০০.০২০.১৬.০০১.১৮. ২২৪

তারিখ: ০৬ জুলাই ২০২০ খ্রিস্টাব্দ  
২২ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ

"বিজ্ঞপ্তি"

"The Essential Commodities Control Order. ১৯৮১" এর ২২(৯) নং বিধিতে প্ৰদত্ত ক্ষমতাবলে আমি মীর নাহিদ আহসান, জেলা প্রশাসক, মৌলভীবাজার এই মর্মে বিজ্ঞপ্তি জারী করছি যে, অত্যাবশ্যকীয় পণ্য সামগ্রী যথা লৌহ ও ইস্পাতজাত দ্রব্য, সিমেন্ট, কাপড়, দুগ্ধজাত দ্রব্য, সিগারেট, সূতা, বিভিন্ন প্রকার বোর্ড, ইলেকট্রিক্যাল এবং রেডিও পণ্য সামগ্রী, বৈদ্যুতিক তার, বাব্ব, পাখা, টেলিভিশন, মেডিকেল এবং সার্জিক্যাল সামগ্রী, সাইকেল পার্টস, স্যানিটারী এন্ড ওয়াটার সাপ্লাই ফিটিংস ইত্যাদির (খুচরা ও পাইকারী) বিক্রয়ের ডিলিং লাইসেন্স ২০২০-২০২১ সালের জন্য নবায়নের সময়সীমা আগামী ৩০ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো।

২। বর্ধিত সময়সীমার মধ্যে লাইসেন্স নবায়ন করা না হলে সংশ্লিষ্ট লাইসেন্স বাতিল বলে গণ্য হবে এবং এ বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০১  
৪/৭/২০

(মীর নাহিদ আহসান)

জেলা প্রশাসক  
মৌলভীবাজার

☎ ০৮৬১-৬৩২০২

[demoulvibazar@mopa.gov.bd](mailto:demoulvibazar@mopa.gov.bd)

স্মারক নম্বর- ০৫.৪৬.৫৮০০.০২০.১৬.০০১.১৮. ২২৪

তারিখ: ০৬ জুলাই ২০২০ খ্রিস্টাব্দ  
২২ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ

অনুলিপি :

১. উপনিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। পরবর্তী গেজেটে প্রকাশের জন্য।
২. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার। ডিলিং লাইসেন্সবিহীন ব্যবসায়ীদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।
৩. মেয়র, মৌলভীবাজার/শ্রীমঞ্জল/কুলাউড়া/বড়লেখা/কমলগঞ্জ পৌরসভা।
৪. উপজেলা নির্বাহী অফিসার, মৌলভীবাজার সদর/ শ্রীমঞ্জল/কুলাউড়া/বড়লেখা/কমলগঞ্জ/রাজনগর/জুড়ী। তাঁর অধিক্ষেত্রের অভ্যন্তরের হাটবাজারসমূহে মাইকযোগে ব্যাপক প্রচারণার জন্য এবং বিজ্ঞপ্তিতে জারীকৃত সময় অতিক্রান্তে লাইসেন্স বিহীন অবৈধ ব্যবসায়ীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হলো।
৫. জেলা তথ্য অফিসার, মৌলভীবাজার। তাঁকে বিজ্ঞপ্তিটি এ জেলার হাটবাজারসমূহে মাইকযোগে ব্যাপক প্রচারণার জন্য অনুরোধ জানানো হলো।
৬. জেলা বাজার অনুসন্ধানকারী, মৌলভীবাজার। সংশ্লিষ্ট ব্যবসায়ীগণকে উল্লিখিত বিষয়ে লাইসেন্স গ্রহণ/নবায়নের নিমিত্ত উদ্বুদ্ধকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।
৭. সভাপতি, দি মৌলভীবাজার চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, মৌলভীবাজার। এ বিষয়ে ব্যাপক প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।
৮. পরিচালক, এমসিএস, মৌলভীবাজার। বিজ্ঞপ্তিটি তাঁর এমসিএস চ্যানেলে বহুল প্রচারের অনুরোধসহ।
৯. সভাপতি/সম্পাদক, ব্যবসায়ী সমিতি, মৌলভীবাজার।

জেলা প্রশাসক